এক নজরে

ঝুলন্ত দেহ উদ্ধার

চোপড়া: বাড়ি থেকে এক যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার করল পুলিশ। সোমবার সকালে চোপড়া থানার দাসপাড়া গ্রাম পঞ্চায়েতের বালিয়াডাঙ্গি এলাকার ঘটনা। পুলিশ জানিয়েছে, মৃতের নাম মহম্মদ ইলিয়াস (৩৪)। তাঁর স্ত্রীর দাবি, প্রচুর টাকা ধার হয়ে যাওয়ায় খুব চিন্তায় ছিলেন মুদি ব্যবসায়ী ইলিয়াস। সকালে ঘুম থেকে উঠে বাবাকে দেখতে না পেয়ে পাশের ঘরে খুঁজতে যায় তাঁর ছেলে। সেখানেই তাঁকে ঝুলন্ত অবস্থায় দেখতে পায় সে।

ক্ষোভে কর্মবিরতি

দক্ষিণ দিনাজপুর: ভিবিজি রামজি প্রকল্পে তিন দিন ধরে কাজ বন্ধ থাকায় কর্ম দিবসের হার নামল অনেকটাই। দক্ষিণ দিনাজপুর জেলায় একশোরও বেশি কর্মচারীর ৩ মাসের মাইনে বাকি। পুজোর আগে বেতনের দাবিতে গত তিন দিন ধরে কাজ বন্ধ ছিল ওই প্রকল্পে। সোমবার থেকে কাজে যোগ দিতে শুরু করেছেন অস্থায়ী কর্মীরা। অতিরিক্ত জেলাশাসক জেলা পরিষদ সৌম্য চট্টোপাধ্যায় বলেন, ‘‘একটি নতুন ব্যবস্থায় কর্মীদের মাইনে প্রক্রিয়া স্থানান্তর হচ্ছে বলে একটু সমস্যা হচ্ছে। এটা মিটে যাবে।’’

জুলুমের অভিযোগ

বালুরঘাট: দুর্গাপুজোর চাঁদা নিয়ে জুলুমের অভিযোগ উঠল একটি ক্লাবের বিরুদ্ধে। সোমবার দুপুরে বালুরঘাটে জেলা জলসম্পদ উন্নয়ন দফতরের ঘটনা। চাঁদা আদায়কে কেন্দ্র করে হুমকি ও ধাক্কাধাক্কির অভিযোগ ঘিরে দু’পক্ষের মধ্যে তুমুল বচসা বাধলে উত্তেজনা তৈরি হয়। খবর পেয়ে পুলিশ পৌঁছয় ওই সরকারি অফিসে। জানা গিয়েছে, এ দিন ওই সরকারি দফতরের কর্মীদের কাছে স্থানীয় ক্লাবের সদস্যরা চাঁদা নিতে গেলে ধার্য চাঁদার পরিমাণ নিয়ে গোলমাল বাধে।

বিদায় বর্ষা

উত্তরবঙ্গ: উত্তরবঙ্গ থেকে বিদায় নিল বর্ষা। কেন্দ্রীয় আবহাওয়া দফতর জানিয়েছে, সোমবার সকালে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু উত্তরবঙ্গ এবং সিকিম থেকে সরে গিয়েছে। কয়েক দিন ধরেই আকাশ পরিষ্কার ছিল। আগামী কয়েক দিনও বৃষ্টির পূর্বাভাস নেই। দুর্গাপুজোর সময়ে আকাশ মেঘমুক্ত থাকবে বলেই দাবি আবহাওয়া দফতরের। কেন্দ্রীয় আবহাওয়া দফতরের সিকিমের আধিকারিক দেবপ্রিয় রায় এই দিন বলেন, “উত্তরবঙ্গ থেকে বর্ষা সোমবার বিদায় নিয়েছে।”

নজরদারি কমিটি গড়লেন উপাচার্য

নিজস্ব সংবাদদাতা

রায়গঞ্জ

রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে এসএফআই ও এবিভিপির সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনায় একটি কমিটি গঠন করল রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়। উপাচার্য অর্ণব সেন ওই কমিটি গঠন করে দিয়েছেন। সংঘর্ষের ঘটনার তদন্ত ও ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষ এড়াতে বিভিন্ন ভূমিকা পালন করবেন ওই কমিটির সদস্যরা।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একাংশকে নিয়ে তৈরি কমিটির আহ্বায়ক করা হয়েছে বিশ্ববিদ্যালয়ের এস্টেট অফিসার তালু বেসরাকে। সম্পাদকের দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগের ডিন-শিক্ষক ভাস্কর ঝাঁ। আজ, মঙ্গলবার কমিটির সদস্যদের প্রথম বৈঠক করার কথা। বিশ্ববিদ্যালয়ে ভবিষ্যতে ছাত্র সংঘর্ষ, সরকারি সম্পত্তি নষ্ট রুখতে ওই কমিটি কাজ করবে। পাশাপাশি, সপ্তাহখানেক আগে ঘটে যাওয়া সংঘর্ষের ঘটনারও তদন্ত করে উপাচার্যের কাছে রিপোর্ট পেশ করবেন কমিটির সদস্যেরা। রেজিস্ট্রার দুর্লভ সরকার বলেন, “সংঘর্ষে বিশ্ববিদ্যালয়ের গেট ভাঙার অভিযোগে এক বহিরাগতকে চিঠি পাঠিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে ক্ষতিপূরণের টাকা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। কমিটির সদস্যেরা সংঘর্ষের ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত করে উপাচার্যকে রিপোর্ট দেবেন। সেই মতো ব্যবস্থা হবে। ”

উপাচার্য এ দিন বলেন, “আমরা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ বজায় রাখতে বদ্ধপরিকর। কমিটি সেই পরিবেশ বজায় রাখার কাজ করবে।” বিশ্ববিদ্যালয়ের এক আধিকারিক এ দিন বলেন, “এ বছর প্রথম বার বিশ্ববিদ্যালয়ে দুর্গাপুজোর আয়োজন করা হয়েছে। সেই পুজোকে কেন্দ্র করে যাতে নতুন করে এসএফআই-এবিভিপি বা কোনও ধরনের ছাত্র সংঘর্ষের ঘটনা না ঘটে, সেই দিকে কমিটির সদস্যদের বাড়তি নজর রাখারও নির্দেশ দিয়েছেন কর্তৃপক্ষ।”

গত ৬ অক্টোবর বিশ্ববিদ্যালয় চত্বরে এসএফআই ও এবিভিপির সমর্থকদের সংঘর্ষ হয়। এফআইয়ের বহিরাগতদের বিরুদ্ধে গেট ভেঙে বিশ্ববিদ্যালয়ের ভিতরে ঢোকার অভিযোগ ওঠে। কর্তৃপক্ষের দাবি, ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংঘর্ষ রুখতে নিরাপত্তারক্ষীরা ঠিক মতো কাজ করছেন কি না, পড়ুয়ারা পরিচয়পত্র বা ভর্তির নথি দেখিয়ে বিশ্ববিদ্যালয়ে ঢুকছেন কি না, বহিরাগতেরা কোনও কাজে এলে তাঁরা রেজিস্টারে নাম-ঠিকানা লিখে বিশ্ববিদ্যালয় চত্বরে ঢুকছেন কি না—ওই কমিটির সদস্যেরা সে দিকে নজর রাখবেন।

■ টিফিনের টাকা জমিয়ে বস্ত্র বিতরণ খুদে পড়ুয়াদের। *নিজস্ব চিত্র*

খুদেদের উদ্যোগ

অভিজিৎ সাহা

ইংরেজবাজার

কারও বাবা রাজমিস্ত্রীর কাজ করেন, কেউ টোটো চালক। সেই সমস্ত পরিবারের ছেলেরা টিফিনের টাকা জমিয়ে স্কুলের সাফাইকর্মী, ঝাড়ুদার, মিডডে মিলের রাঁধুনিদের হাতে তুলে দিল পুজোর নতুন পোশাক। সোমবার ‘মানব সেবার’ এমনই বার্তা দিয়ে পুজোর সূচনা করল মালদহ শহরের ললিতমোহন শ্যামমোহনী প্রাথমিক স্কুলের ছাত্ররা। খুদে ছাত্র প্রিয়ম, সেয়ানদের মানবিকতারর প্রশংসা করেছেন শিক্ষক থেকে শুরু করে শিক্ষা দফতরের কর্তারা।

ইংরেজবাজার শহরের ১১ নম্বর ওয়ার্ডের গঙ্গাবাগ এলাকায় রয়েছে ললিতমোহন শ্যামমোহনী স্কুল। স্কুলের প্রাথমিক বিভাগে শতাধিক ছাত্র রয়েছে। এ দিন সকালে স্কুলের সাফাইকর্মী, ঝাড়ুদার, মিডডে মিলের রাঁধুনি এবং স্থানীয় কিছু দুঃস্থ শিশুদের হাতে পুজোর নতুন পোশাক তুলে দেয় স্কুলের খুদে ছাত্ররা। স্কুল সূত্রে জানা গিয়েছে, ২০২৪ সাল থেকে ছাত্রেরা নিজেদের টিফিনের টাকা জমিয়ে পুজোর সময় সাধারণ পরিবারগুলির হাতে তুলে দেয় নতুন পোশাক। এর জন্য স্কুলে একটি বাক্স বসানো রয়েছে। তাতে দৈনিক নিজেদের সামর্থ মতো টাকা জমা দেয় ছাত্ররা। সে টাকা দিয়েই কেনা হয় নতুন পোশাক।

সকালে নতুন পোশাক তুলে দিয়ে চতুর্থ শ্রেণির ছাত্র প্রিয়ম সরকার জানায়, “পুজোতে সকলে আনন্দ করবে। নতুন পোশাক পরে ঘুরবে। যাঁরা আমাদের মিডডে মিল খাওয়ান, স্কুল পরিচ্ছন্ন রাখেন, তাঁদের হাতে জামা তুলে দিতে পেরে ভাল লাগছে।” স্কুলের প্রধান শিক্ষক ভাস্কর রায় বলেন, “পড়াশোনার পাশাপাশি ছাত্রদের প্রকৃত মানুষ হওয়ার বার্তা দেওয়া হয়। শিশু অবস্থা থেকে মানুষের পাশে দাঁড়ানোর শিক্ষা পেলে প্রকৃত শিক্ষা লাভ হবে ছেলেদের।”

খুশি মিডডে মিলের রাঁধুনি বিশেষ চাহিদা সম্পন্ন অনিমা সরকার, ইতি বেওয়ারা। অনিমা বলেন, “স্কুলের ছেলেদের হাত থেকে পুজোয় নতুন বস্ত্র পেয়ে খুবই ভাল লাগছে।” উদ্যোগের প্রশংসা করেছেন জেলা বিদ্যালয় পরিদর্শক প্রাথমিক মলয় মণ্ডলও।

স্বস্তিতে শহরবাসী

নিজস্ব সংবাদদাতা

ইংরেজবাজার

কোথাও রাস্তা আটকে পার্কিং জোন, কোথাও জবরদখল রাস্তা। রয়েছে বেআইনি টোটোর উপদ্রবও। কার্যত ‘জতুগৃহ’ হয়ে উঠেছে মালদহের ইংরেজবাজার শহর। পুরপ্রধানের চেয়ারে বসেই যানজট, বেআইনি পার্কিং, টোটোয় লাগাম টানতে উদ্যোগী পুরপ্রধান বিজেপির অম্লান ভাদুড়ি। সোমবার দুপুরে মহকুমাশাসক (সদর), পুর আধিকারিক, পুলিশ, পূর্ত দফতরের আধিকারিকদের নিয়ে বৈঠক করে পুজোর পরেই ‘রোড ম্যাপ’ করে ব্যবস্থা নেওয়ার কথা ঘোষণা করেন তিনি। পুর-উদ্যোগে স্বস্তিতে শহরবাসী।

অভিযোগ, সকাল থেকে রাত পর্যন্ত যানজটের ফাঁসে গতি হারাচ্ছে ইংরেজবাজার শহর। এই পরিস্থিতিতে শহরে গতি আনতে স্থায়ী পার্কিং জোন, ফুড কর্নার তৈরিতে উদ্যোগী পুরসভা। গ্রামীণ এলাকার টোটোর শহরে ঢোকা রুখতে আইটি মোড়, পুরাতন মালদহের সেতু মোড়, বাঁধাপুকুরের মতো গুরুত্বপূর্ণ মোড়ে মোতায়ন থাকবে পুলিশ। আগামী ২৬ অক্টোবর পুলিশ, পূর্ত দফতরকে সঙ্গে নিয়ে শহর পরিক্রমা করবেন মহকুমাশাসক (সদর) শম্ভুদীপ সরকার, পুরপ্রধান অম্লান ভাদুড়ি।

শহরবাসীর উদ্দেশে মাইকিং করে প্রচারও চলবে, দাবি পুর কর্তৃপক্ষের। পুরপ্রধান অম্লান ভাদুড়ি বলেন, “শহরের উন্নয়নই লক্ষ্য পুরসভার। তবে মানুষের রুজিরুটিতে যাতে টান না পড়ে তা-ও দেখা হবে। ফুড কর্নার, স্থায়ী পার্কিং জোন, টোটোয় রাশ টানা হবে।”

ইত্যাদি

নাম পরিবর্তন

AFFIDAVIT

I, Md Ali (old name) S/O-Manir Alam, resident of vill- Sharatpally, ward no.10, P.O. & P.S.Dalkhola, Dist. Uttar Dinajpur (W/B), pin-733201 do hereby declare that I have changed my name from Md Ali(old name) to Sayed Mohammad Ali (new/correct name) and hence forth I shall be known as Sayed Mohammad Ali (new/correct name) in all purpose, vide affidavit no. 41 sworn before the Judicial Magistrate 1st Class at Islampur, uttar Dinajpur on 09.10.2026. Sayed Mohammad Ali (new/correct name) and Md Ali (old name) both are same and one identical person.

ইত্যাদি • 7666700400

ডেটস রিকভরি ট্রাইব্যুনাল, শিলিগুড়ি

৩য় তল, পিসিএম টাওয়ার, ২য় মাইল, সেবক রোড, শিলিগুড়ি
কেস নং: আরসি/৫৭/২০২৩
নিম্নোক্ত বিষয়ে:
ভারতীয় স্টেট ব্যাঙ্ক
বনাম
শ্রী রতন লাল আগরওয়াল
বিক্রয় নোটিস

উপরে উল্লিখিত মত মোকদ্দমায় কেস নম্বরে সার্টিফিকেট পরিমাণ অর্থ উশুলের জন্য, https://baanknet.com ওয়েব পোর্টালের মাধ্যমে অনলাইন ই-অকশনের মারফৎ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিম্নবর্ণিত সম্পত্তিটি বিক্রয় করা হইবে।

সম্পত্তির বিবরণ:

নিম্নোক্ত বন্ধকীকৃত সম্পত্তি: নিম্নোক্ত বাস্তু জমির সমগ্র, যার পরিমাণ ২ কাঠা ৮ ছটাক বা ০.০৪২ একর এবং তৎসহ একটি চারতলা বিল্ডং। খতিয়ান নং ১২১০-তে নথিভুক্ত প্লট নং ৫১৩৯-এর অন্তর্ভুক্ত; মৌজা-শিলিগুড়ি, পরগনা-বৈকুণ্ঠপুর, জে.এল. নং ১১০(৮৮)-এর অন্তর্গত এবং শিলিগুড়ি মিউনিসিপাল কর্পোরেশনের সীমানার মধ্যে (ওয়ার্ড নং XXVI, হোল্ডিং নং ২৪১/৫৫৭/৩৮২, সুকান্ত সরণি, মিলনপল্লী, থানা-শিলিগুড়ি, জেলা-দার্জিলিং। **সম্পত্তিটির চৌহদ্দি: উত্তরে**-শিলিগুড়ি মিউনিসিপাল কর্পোরেশনের রাস্তা, **দক্ষিণে**-দয়ারাম সিং-এর জমি, **পূর্বে**-দয়ারাম সিং-এর জমি এবং **পশ্চিমে**-সঞ্জয় পালের জমি [২০০৬ বর্ষের স্বত্বের দলিল নং ২৬৮৮, ২৫.০৮.২০০৬ তারিখে রেজিস্টার্ড], যা ‘শিডিউল-এ’-তে উল্লেখ করা হয়েছে।

(ক) ই-অকশনের তারিখ ও সময়:

১৬ নভেম্বর ২০২৬, বেলা ১১:০০টা থেকে দুপুর ১২:৩০টা পর্যন্ত; https://baanknet.com ই-অকশন প্ল্যাটফর্মে বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত ৫ (পাঁচ) মিনিটের স্বতঃই সম্প্রসারণসহ।

সংরক্ষিত মূল্য: সংরক্ষিত মূল্য **টাঃ ৬৫,৫২,০০০/- (পঁষট্টি লক্ষ বাহান্ন হাজার টাকা) ধার্য করা হয়েছে**

(খ) বায়না জমা: বায়না জমা-এর পরিমাণ **টাঃ ৬,৫৫,২০০/- (ছয় লক্ষ পঞ্চান্ন হাজার দুইশত টাকা)।** আগ্রহী ক্রেতাদের বায়না জমা নিম্নোক্ত ব্যাঙ্ক অ্যাকাউন্টে ডিমান্ড ড্রাফট/পে অর্ডার/এনইএফটি/আরটিজুএস/ফান্ড ট্রান্সফারের মাধ্যমে জমা দিতে হবে:

ব্যাঙ্কের নাম: ভারতীয় স্টেট ব্যাঙ্ক
ব্রাঞ্চের ঠিকানা: ভারতীয় স্টেট ব্যাঙ্ক, স্ট্রেসড অ্যাসেট রিকভারি ব্রাঞ্চ, শিলিগুড়ি, হোমল্যান্ড বিজনেস সেন্টার, ২য় তলা, ৩য় মাইল, সেভোক রোড, শিলিগুড়ি-৭৩৪০০৮।
অ্যাকাউন্টের নাম: PARKING ACCOUNT SARB SILIGURI
অ্যাকাউন্ট নম্বর: 38346111402
IFSC কোড: SBIN0011384
অ্যাকাউন্টের ধরন: সিএ (কারেন্ট অ্যাকাউন্ট)
ব্যাঙ্ক অফিসারের যোগাযোগ: শ্রী কুমার শীল ভদ্র (চিফ ম্যানেজার)
(মোবাইল: ৯৭৩২১২২৬৬৪, ইমেল: sbi.10137@sbi.co.in)

(গ) ডাক বৃদ্ধির পরিমাণ: এই বিক্রয়ের ক্ষেত্রে ডাক বৃদ্ধির পরিমাণ **টাঃ ১০,০০০/- টাকা (দশ হাজার টাকা)** অথবা এর গুণিতকে ধার্য করা হয়েছে।

(ঘ) সম্ভাব্য ডাকদাতাদের পরামর্শ দেওয়া হচ্ছে যে তাঁরা যেন https://baanknet.com ওয়েবসাইটটি ভিজিট করেন এবং ই-অকশন প্ল্যাটফর্মে নিজেদের রেজিস্টার করেন। এছাড়া, তাঁদের কাছে বৈধ KYC নথিপত্র (যেমন প্যান কার্ড ও আধার কার্ড) থাকা এবং আধারের সাথে সর্বশেষ মোবাইল নম্বর লিঙ্ক করা ও ডিজি লকারে বাধ্যতামূলকভাবে রেজিস্টার করা নিশ্চিত করতে হবে। Baanknet.Com পোর্টাল (M/s PSB Alliance Pvt. Ltd.)-এর মাধ্যমে উক্ত ই-অকশনে ডাক দেওয়ার বিষয়ে সহায়তার জন্য আপনারা Baanknet-এর হেল্পডেস্ক (যোগাযোগ: ৮১৯১২২০১২০) বা ইমেল সাপোর্ট (support.baanknet@psballiance.com)-এর সাথে যোগাযোগ করতে পারেন।

১২ই নভেম্বর, ২০২৬ তারিখ বিকেল ৪:০০টার পরে কোনো বিড বিল গ্রহণ করা হবে না।

অংশগ্রহণকারী/আগ্রহী ক্রেতাদের লগ-ইন এবং অকশনে অংশগ্রহণের বিষয়ে পরবর্তী নির্দেশাবলী (যদি থাকে) ই-অকশন পরিষেবা প্রদানকারী কোম্পানি দ্বারা তাঁদের ই-মেল আইডিতে পাঠানো হবে।

বিক্রয় সংক্রান্ত অন্যান্য বিবরণ এবং শর্তাবলী ‘বিক্রয়ের ঘোষণা’-তে পাওয়া যাবে। যা https://baanknet.com ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

ব্যাঙ্ক অফিসার—শ্রী কুমার শীল ভদ্র (চিফ ম্যানেজার), মোবাইল: ৯৭৩২১২২৬৬৪, ইমেল: sbi.10137@sbi.co.in—এর সাথে অ্যাপয়েন্টমেন্ট বা সাক্ষাতের সময় নির্ধারণ করে যে কোন কাজের দিনে **বেলা ১১টা থেকে বিকেল ৪টার মধ্যে** সম্পত্তিটি পরিদর্শন করা যেতে পারে।

স্বাঃ/-
রিকভারি অফিসার-I,
ডিআরটি-শিলিগুড়ি।

পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

অ্যাসেট রিকভারি মনিটরিং ব্রাঞ্চ, এন.জে.পি (শিলিগুড়ি)
ইউনাইটেড ব্যাঙ্ক বিল্ডিং, ৩য় তল, হিল কার্ট রোড, শিলিগুড়ি-৭৩৪০০১
[ই-মেল: cs8289@pnb.co.in, ফোন নং ০৩৫৩-২৪৩২৬৬৪]
অ্যাপেন্ডিক্স- IV- A [রুল ৮(৬)-এর বিধানাবলি দেখুন]

স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য সেল নোটিস

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর বিধানাবলির সহিত পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রয়ের জন্য ই-অকশন সেল নোটিস। সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করিয়া ঋণগ্রহীতা(গণ) এবং গ্যারেন্টর(গণ)-কে এতদ্দ্বারা নোটিস দেওয়া হইতেছে যে, অত্র নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি জামিনযুক্ত পাওনাদার-এর নিকট রেহানাবদ্ধ/চার্জযুক্ত রহিয়াছে, যাহার কনস্ট্রাক্টিভ/বাস্তবিক/প্রতীকী দখল ব্যাঙ্কের অনুমোদিত অফিসার/জামিনযুক্ত পাওনাদার কর্তৃক লওয়া হইয়াছে এবং উহা নিম্নে বর্ণিতমতো সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ ও গ্যারেন্টরগণ-এর নিকট হইতে ব্যাঙ্ক/জামিনযুক্ত পাওনাদারের বকেয়া উশুলের নিমিত্ত অত্র নিম্নোক্ত সারণি-তে উল্লেখিত তারিখে **“যেখানে যে অবস্থায় আছে”, “যেখানে যাহা কিছু আছে” এবং “যেখানে যেরূপ প্রকার আছে”** ভিত্তিতে বিক্রয় করা হইবে। সংশ্লিষ্ট সম্পত্তিসমূহের জন্য সংরক্ষিত মূল্য ও বায়না জমার পরিমাণ নীচের সারণি-তে উল্লেখ করা হইল।

জামিনযুক্ত পরিসম্পদের তফশিল

লট নং	ক) ব্রাঞ্চের নাম খ) অ্যাকাউন্টের নাম গ) ঋণগ্রহীতা/গ্যারেন্টরগণের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	ঘ) রেহানাবদ্ধ স্থাবর সম্পত্তির বিবরণ/ মালিকের নাম (সম্পত্তি(সমূহ)-এর বন্ধকদাতাগণ)	ঙ) সারফেইসি অ্যাক্ট ২০০২-এর ১৩(২) ধারা অধীনে ডিমান্ড নোটিসের তারিখ চ) অবশিষ্ট বকেয়ার পরিমাণ ছ) সারফেইসি অ্যাক্ট ২০০২-এর ১৩(৪) ধারা অধীনে দখলের তারিখ জ) দখলের ধরন	ক) সংরক্ষিত মূল্য খ) বায়না জমা (বায়না জমা দাখিলের শেষ তারিখ) গ) ডাক বৃদ্ধির পরিমাণ	ঘ) ই-অকশনের তারিখ/ সময়	ঙ) জামিনযুক্ত পাওনাদারের জ্ঞাত দায়ের বিবরণ**
১।	**ক) সেবক রোড (৩১৯৬০০)** **খ) ১. মেসার্স সমরদীপস** **২. শ্রী সম্রাট মালাকার** **গ) ১। স্বত্বাধিকারী ও বন্ধকদাতা:** **শ্রী সম্রাট মালাকার**, পিতা – প্রয়াত জিতেন মালাকার **ঠিকানা:** এইচ/৭৮/৪০৭/৩৩৩/৪০/২, শ্রীমা সরণি, সাউথ বাবু পাড়া, ওয়ার্ড নং-২৬, শিলিগুড়ি, জেলা – দার্জিলিং, পশ্চিমবঙ্গ, পিন – ৭৩৪০০৫ **২. ঋণগ্রহীতা: শ্রী সম্রাট মালাকার,** পিতা – প্রয়াত জিতেন মালাকার **সহ-ঋণগ্রহীতাগণ: শ্রীমতী নবনীতা মালাকার,** স্বামী – শ্রী সম্রাট মালাকার **শ্রীমতী অনিতা মালাকার,** স্বামী – শ্রী জিতেন মালাকার **ঠিকানা:** শ্রীমা সরণি, সাউথ বাবু পাড়া, ওয়ার্ড নং ২৬, শিলিগুড়ি, জেলা – দার্জিলিং, পশ্চিমবঙ্গ, পিন – ৭৩৪০০১	**১) নিম্নোক্তের সমগ্র অবিচ্ছেদ্য অংশ,** জমি “বাস্তু হিসাবে শ্রেণীবদ্ধ” এবং বিল্ডিং, শ্রী সম্রাট মালাকার, পিতা – প্রয়াত জিতেন মালাকারের নামে, দ্রষ্টব্য রেজিস্টার্ড দানপত্র নং I-২১৮৪ তারিখ ১৭.০৯.২০১০, ২০১০ বর্ষের বহি নং ১, সিডি ভলিউম নং ১১, পৃষ্ঠা ৩২৭৬ হইতে ৩২৮৫-তে নথীভুক্ত এবং উপরোক্ত বিল্ডিংয়ের একতলায় ১৪৫ বর্গফুটের একটি দোকান, শ্রী সম্রাট মালাকার, পিতা – প্রয়াত জিতেন মালাকারের নামে, দ্রষ্টব্য রেজিস্টার্ড হস্তান্তর দলিল নং I-১৩৫৫ তারিখ০২.০৭.২০০৯, ২০০৯ বর্ষের বহি নং ১, সিডি ভলিউম নং ৫, পৃষ্ঠা ৯১১ হইতে ৯২২-তে নথিভুক্ত, জমির মোট আয়তন ২.৫ কাঠা, নিম্নোক্তে নথিভুক্ত: আর.এস. প্লট নং ৫১৯২, খতিয়ান নং ১৫৬৬, জে.এল. নং ১১০(৮৮), তৌজি নং ৩(জেএ), শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের ওয়ার্ড নং ২৬, মৌজা – শিলিগুড়ি, পরগনা – বৈকুণ্ঠপুর, থানা – শিলিগুড়ি, জেলা – দার্জিলিং, পশ্চিমবঙ্গ। **চৌহদ্দি নিম্নরূপ:- উত্তরে** – বীণা মালাকারের বাড়ি, **দক্ষিণে** – এন.সি. নন্দীর বাড়ি, **পূর্বে** – শ্রী মা সরণি রোড ২৪’, **পশ্চিমে** – প্যাটেলের বাড়ি। **সম্পত্তির মালিক** – শ্রী সম্রাট মালাকার, পিতা – প্রয়াত জিতেন মালাকার।	**ঙ) ১৮.০৭.২০২৪** **চ) টাঃ ১,০৩,৭৬,৫৩০.৭৪ + আরও সুদ ও চার্জ [১৩(১) ডিমান্ড নোটিসে উল্লেখিতমতো পরিমাণ] তৎসহ আরও সুদ এবং চার্জ** **ছ) ১১.১০.২০২৪** **জ) প্রতীকী**	**ক) টাঃ ১,১৫,৯৩,৫৩০/-** **খ) টাঃ ১১,৫৯,৩৫৩/- (০২.১১.২০২৬)** **গ) টাঃ ২৫,০০০/-**	**ঘ) ০৩.১১.২০২৬ সকাল ১০.০০টা হইতে বিকাল ৪.০০টা**	ডিআরটি শিলিগুড়িতে এসএ কেস নং ১/২০২৫ এবং ২২০/২০১৪ বিচারাধীন ঙ) ব্যাঙ্কের জ্ঞাত নহে
২।		**২) নিম্নোক্তের সমগ্র অবিচ্ছেদ্য অংশ,** একতলায় ১৪০ বর্গফুটের আচ্ছাদিত গ্যারেজ, শ্রী সম্রাট মালাকার, পিতা – প্রয়াত জিতেন মালাকারের নামে, রেজিস্টার্ড বিক্রয় দলিল নং I-২৫১৪ তারিখ ১০.১২.২০১৫ সম্বলিত, ২০১৫ বর্ষের বহি নং ১, ভলিউম নং ০৪০২-২০১৫, পৃষ্ঠা ৩৪৭৯৫ হইতে ৩৪৮১৪-তে নথিভুক্ত, তৎসহ জমির অবিভক্ত আনুপাতিক শেয়ার, আয়তন ৬ কাঠা, নিম্নোক্ত সম্পর্কিত ও নিম্নোক্তের অংশ হইতে উদ্ভূত: প্লট নং ৩৬২১, নিম্নোক্ততে নথিভুক্ত: খতিয়ান নং ১০১৪, জে.এল. নং ১১০(৮৮), তৌজি নং ৩(জেএ), মৌজা – শিলিগুড়ি, পরগনা – বৈকুণ্ঠপুর, থানা – শিলিগুড়ি, জেলা – দার্জিলিং, পশ্চিমবঙ্গ।		**ক) টাঃ ৪,৩৭,০০০/-** **খ) টাঃ ৪৩,৭০০/- (০২.১১.২০২৬)** **গ) টাঃ ২০,০০০/-**	**ঘ) ০৩.১১.২০২৬ সকাল ১০.০০টা হইতে বিকাল ৪.০০টা**	

শর্তাবলি: এই বিক্রয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-তে নির্ধারিত শর্তাবলি এবং নিম্নোক্ত আরও শর্তসাপেক্ষ হইবে: ১। সম্পত্তিসমূহ **“যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে”, “যেখানে যা কিছু আছে ভিত্তিতে” ও “যেখানে যেরূপ প্রকার আছে ভিত্তিতে”** বিক্রয় করা হইবে। ২। উপরোক্ত তফশিলে নির্ধারিত জামিনযুক্ত পরিসম্পদের বিবরণ অনুমোদিত অফিসারের সর্বোত্তম তথ্যমতো বিবৃত করা হয়েছে, তবে অনুমোদিত অফিসার এই ঘোষণায় কোনও প্রমাদ, ভুল বিবৃতি বা বাদ পড়ার জন্য জবাবদিহি করিবেন না।৩। এই বিক্রয় **০৩.১১.২০২৬ তারিখ সকাল ১০.০০টা হইতে বিকাল ৪.০০টা পর্যন্ত** ওয়েবসাইট **https://baanknet.in-**তে ব্যবস্থিত ই-অকশন প্ল্যাটফর্ম মারফত নিম্নস্বাক্ষরকারী কর্তৃক করা হইবে ৪। বিক্রয়ের বিশদ শর্তাবলির জন্য দেখুন **https://baanknet.in** এবং **www.pnbindia.in**

তারিখ: ০৯.১০.২০২৬ স্থান: শিলিগুড়ি

স্বাঃ/- অনুমোদিত অফিসার, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

সারফেইসি অ্যাক্ট, ২০০২-এর রুল ৮(৬)/৯(১) অধীনে সংবিধিবদ্ধ সেল নোটিস